গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০২.০০০০.৬১১.৯৯.০০২.১৯.৬৫ তারিখঃ ০৮ /০১/২০২০

বিষয়ঃ এলজিইডিতে গঠিত বঙ্গবন্ধু'র জন্মশতবার্ষিকী উদযাপন প্রস্তুতি কমিটির সভার কার্যবিবরণী।

সভা নং- ০২
তারিখ ও সময়ঃ ০৭ জানুয়ারী, ২০২০, সকাল ১১.০০ টা।
স্থানঃ অতিরিক্ত প্রধান প্রকৌশলী (আইসিটি ও প্রকিউরমেন্ট) এর দপ্তর, লেভেল-৪, এলজিইডি ভবন, এলজিইডি।
সভায় অংশগ্রহণকারীবৃন্দঃ সংযুক্তি-১

সভার শুরুতে সভার সভাপতি জনাব মোঃ আহসান হাবিব, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (আইসিটি ও প্রকিউরমেন্ট) সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন প্রস্তুতির বিষয়ে অংশগ্রহণকারীগণ বিস্তারিত আলোচনা করেন । এতে তিন ধরণের কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সেগুলো হলঃ ক) অনুষ্ঠান আয়োজন সংক্রান্ত খ) সেবা দান সংক্রান্ত গ) বিবিধ। সভায় অনুষ্ঠিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নে উপস্থাপন করা হলো।

আলোচনা ও সিদ্ধান্তসমূহঃ

ক্রমিক নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	ব্যবস্থা গ্রহণে/ দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি
১. অনুষ্ঠান আয়োজন সংক্রান্তঃ				
১.১	চিত্রাঙ্কন, গান, নাচ, রচনা ও আবৃত্তি প্রতিযোগিতা	মুজিববর্ষকে আনন্দময় করার জন্য এলজিইডির কর্মকর্তা-কর্মচারীদের ছেলে-মেয়েদের অংশগ্রহণে বঙ্গবন্ধু বিষয়ক চিত্রাঙ্কন, গান, নাচ, রচনা ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন। ১০ জানুয়ারি ২০২০, ক্ষণগননার দিন থেকে ফেব্রুয়ারি, ২০২০ এর মধ্যে জেলা পর্যায়ের চিত্রাঙ্কন, গান, নাচ, রচনা ও আবৃত্তি ক্যাটাগরিতে প্রতিযোগিদের বাছাই সম্পন্ন করে ১৭ মার্চ,২০২০ তারিখে সদর দপ্তরে চূড়ান্ত প্রতিযোগিতা ও পুরষ্কার প্রদান। বাছাইকৃত রচনাসমূহ নিয়ে ১৫ আগষ্ট,২০২০ এর মধ্যে বই প্রকাশের উদ্যোগ গ্রহণ।	এ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা সংবলিত প্রধান প্রকৌশলী মহোদয়ের স্বাক্ষরিত একটি পত্র আগামী ০৯/০১/২০২০ এর মধ্যে মাঠ পর্যায়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	মিডিয়া ও পাবলিকেশন সেকশন, নির্বাহী প্রকৌশলী (প্রশাসন), জনাব শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী, এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
১.২	স্লোগান, প্রামাণ্যচিত্র ও উন্নয়ন স্মারকপত্র	মুজিববর্ষের উপর এলজিইডির ইউনিক স্লোগান তৈরি। এছাড়া বঙ্গবন্ধুর জীবনী, গ্রাম উন্নয়নে বঙ্গবন্ধুর ভাবনা ও স্বাধীনতা পরবর্তিতে গ্রামীণ উন্নয়নে এলজিইডির সম্পৃক্ততা নিয়ে উন্নয়ন স্মারকপত্র (ডকুমেন্টেশন) ও প্রামাণ্যচিত্র তৈরি করে তা সদর দপ্তর সহ মাঠ পর্যায়ের দপ্তরসমুহে বর্ষব্যাপী প্রদর্শন করা ।	ক) মুজিব দিবস উপলক্ষে একটি ইউনিক স্লোগান প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়। খ) প্রামাণ্যচিত্র ও উন্নয়ন স্মারক প্রস্তুত করা হবে। এলজিইডি সদর দপ্তরে এক বা একাধিক ভবনে জায়ান্ট স্ক্রীনে বছর ব্যাপী প্রামাণ্যচিত্র প্রদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়। আগামী ১লা বৈশাখ (১৪ এপ্রিল,২০২০) এর মধ্যে প্রামাণ্যচিত্র ও ১৫ আগষ্ট, ২০২০ এর মধ্যে উন্নয়ন স্মারকপত্র প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) মিডিয়া ও পাবলিকেশন সেকশন; খ) মিডিয়া ও পাবলিকেশন সেকশন; নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা), জনাব শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী, এলজিইডি সদর দপ্তর, ঢাকা; জনাব খান মোঃ রবিউল আলম, মিডিয়া পরামর্শক (আরটিআইপি-২);

ক্রমিক নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	ব্যবস্থা গ্রহণে/ দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি
			গ) প্রামাণ্যচিত্র ও উন্নয়ন স্মারক প্রস্তুতের জন্য প্রয়োজনীয় বঙ্গবন্ধুর ফুটেজ ও বঙ্গবন্ধুকে নিয়ে রচিত বিভিন্ন গ্রন্থ সংগ্রহ ও ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।	গ) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (আইসিটি ও প্রকিউরমেন্ট), নির্বাহী প্রকৌশলী (প্রশাসন);
১.৩	জাতীয় সকল অনুষ্ঠান আয়োজনে মুজিব বর্ষের প্রতিফলন	এলজিইডিতে আন্তর্জাতিক/জাতীয় দিবসসমূহ উদযাপনে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপনকে সম্পৃক্ত করে প্রতিটি দিবস পালনের বিশেষ উদ্যোগ।	আন্তর্জাতিক/জাতীয় দিবসসমূহ উদযাপনে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপনকে সম্পৃক্ত করা হবে। এ সংক্রান্ত একটি নির্দেশনা পত্রের মাধ্যমে জেলা দপ্তর গুলোকে পাঠানো হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	নির্বাহী প্রকৌশলী (প্রশাসন)
১.৪	১৭ মার্চ ২০২০ এর কর্মসূচি	১৭ মার্চ ২০২০ রাত ১২টা ১মিনিটে কেক কেটে ও মঙ্গল প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে কর্মসূচীর সূচনা, সকালে র‍্যালী, দুপুরে দোয়া ও বিকালে বঙ্গবন্ধুকে নিয়ে আলোচনা সভা এবং সন্ধ্যায় সাংস্কৃতিক আনুষ্ঠান আয়োজন করার মাধ্যমে বঙ্গবন্ধুর জন্মদিন উদযাপন।	সকল জেলা ও সদর দপ্তরে একযোগে একই ধরনের কর্মসূচি পালন করা হবে। বিস্তারিত কর্মসূচি নির্ধারণ করার জন্য এলজিইডির প্রশাসন ইউনিট থেকে একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	নির্বাহী প্রকৌশলী (প্রশাসন)
১.৫	উন্নয়ন বুলেটিন	এলজিইডি থেকে ত্রৈমাসিক ভিত্তিতে মুজিববর্ষে প্রকাশিত নিউজলেটারের প্রতিটি সংখ্যায় বঙ্গবন্ধুর স্মরণে বিশেষ উন্নয়ন বুলেটিন প্রকাশ।	মুজিববর্ষে প্রকাশিত ৪টি নিউজলেটারে বঙ্গবন্ধুর স্মরণে বিশেষ বুলেটিন প্রকাশ করা হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	মিডিয়া ও পাবলিকেশন সেকশন;
১.৬	"আমার গ্রাম-আমার শহর" শীর্ষক রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা	সরকারের নির্বাচনী অঙ্গীকার "আমার গ্রাম-আমার শহর" বাস্তবায়নে শিশুর কল্পনাশক্তিকে জাগরুক এবং কাজে লাগানোর জন্য এ শীর্ষক রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন।	জেলা পর্যায়ের স্কুল-কলেজে এ বিষয়ক রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করে নির্বাচিত রচনা ও ছবি পরবর্তী মূল্যায়নের জন্য সদর দপ্তরে প্রেরণে নির্দেশনা প্রদান করে জেলা দপ্তর গুলোতে পত্র দেয়া হবে। সদর দপ্তর চূড়ান্ত মূল্যায়ন করে ১৭ মার্চ ২০২০ তারিখ পুরস্কার প্রদান করবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা)
২. সেবা প্রদান সংক্রান্তঃ				
২.১	সম্মাননা	টেকসই গ্রামীণ অবকাঠামো নির্মাণ, সততা-দক্ষতার সাথে দায়িত্ব পালনের জন্য বিভিন্ন পর্যায়ে (মাঠ পর্যায়, সদর দপ্তর পর্যায়, বিভিন্ন সেক্টর, ক্ষেত্র) প্রণোদনা/ সম্মাননা প্রদান।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা) এর নেতৃত্বে এ সংক্রান্ত একটি রূপরেখা প্রণয়ন ও বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা), নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা)
২.২	ইজিপি	ই-জিপিতে আরও উৎকর্ষ সাধনের জন্য ই-জিপি ভিত্তিক চুক্তি ব্যবস্থাপনার পাইলট কর্মসূচি গ্রহণ ও পরে সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ এবং এলজিইডি কর্তৃক পরিচালিত বিশ্বব্যাংক অর্থায়নে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে ই-জিপি প্রশিক্ষণ কর্মসূচির উৎকর্ষ বৃদ্ধির সার্বিক প্রচেষ্টা।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকিউরমেন্ট) কে প্রধান করে একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটি এ সংক্রান্ত কার্যক্রমের সার্বিক রূপরেখা প্রস্তুত করবে এবং বাস্তবায়নের পদেক্ষেপ গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকিউরমেন্ট)
২.৩	আইডিআইএস, জিআরএস, এসআইএমএস, ইপিএমএস, অফিস অটোমেশন ও জি আই এস বেজড রোড প্রায়োরিটাইজেশন সিস্টেম	আইসিটি সুবিধা ব্যবহার করে প্রাতিষ্ঠানিক উন্নয়ন, দাপ্তরিক গতিশীলতা বৃদ্ধি, দক্ষতা উন্নয়ন ও জবাবদিহিতা বৃদ্ধির মাধ্যমে অধিকতর মান সম্মত সেবা প্রদানের উদ্যোগ গ্রহণ।	মুজিববর্ষে এলজিইডির প্রাতিষ্ঠানিক উন্নয়ন, দাপ্তরিক গতিশীলতা বৃদ্ধি, দক্ষতা উন্নয়ন ও জবাবদিহিতা বৃদ্ধির লক্ষ্যমাত্রাকে সামনে রেখে আইসিটি প্রযুক্তি ব্যবহারের উপর অধিকতর গুরত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি) কে প্রধান করে একটি কমিটি গঠন করা হবে। কমিটি এ সংক্রান্ত পরিকল্পনা গ্রহণ	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি), নির্বাহী প্রকৌশলী (আইসিটি), নির্বাহী প্রকৌশলী (প্রশাসন), সেকশন ইনচার্জ (এমআইএস)

ক্রমিক নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	ব্যবস্থা গ্রহণে/ দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি
			ও বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	
২.৪	জলবায়ু সহিষ্ণু অবকাঠামো প্রাতিষ্ঠানিকীকরণ	এলজিইডির সহযোগিতায় একটি স্বতন্ত্র জলবায়ু সহিষ্ণু অবকাঠামো প্রাতিষ্ঠানিকীকরণ গঠনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও পরিচালক (জলবায়ু সহিষ্ণু অবকাঠামো প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প) কে প্রধান করে একটি কমিটি গঠন সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটি এ সংক্রান্ত উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও পরিচালক (জলবায়ু সহিষ্ণু অবকাঠামো প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প), প্রকল্প পরিচালক (সিআরআইএমপি), প্রকল্প পরিচালক (নবিদেপ)
২.৫	টেকসই ও পরিবেশ বান্ধব সড়ক নির্মাণ	চলমান প্রকল্পসমূহের আওতায় অন্তত: ৫০০ কিলোমিটার রাস্তা পরিবেশবান্ধব উপায়ে ও পরিবেশ বান্ধব নির্মাণ সামগ্রী (ইউনিব্লক/ সিসি ব্লক) ব্যবহার করে নির্মাণ।	এ সংক্রান্ত একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটি এ সংক্রান্ত পরিকল্পনা ও বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রকল্প পরিচালক (ভিআরআরপি), প্রকল্প পরিচালক, নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা)
২.৬	পরিকল্পিত গ্রাম উন্নয়ন ও পরিচ্ছন্ন গ্রাম উন্নয়ন মডেল	বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নের অংশ হিসেবে দেশের আটটি বিভাগে আধুনিক নাগরিক সুবিধা সম্পন্ন আটটি পাইলট গ্রাম নির্মাণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। এছাড়া পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন নগর গড়ার লক্ষ্যে নিম্নোক্ত সমীক্ষা/ গবেষণা মডেল উন্নয়ন- ক) গ্রোথ সেন্টার/ হাটবাজার ভিত্তিক বর্জ্য ব্যবস্থাপনা মডেল খ) গৃহস্থালী বর্জ্য ব্যবস্থাপনার জন্য ইউনিয়নভিত্তিক বর্জ্য ব্যবস্থাপনা মডেল।	এ সংক্রান্ত একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটি এ সংক্রান্ত পরিকল্পনা ও বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মানব সম্পদ উন্নয়ন, মান নিয়ন্ত্রণ ও পরিবেশ), নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা);
২.৭	সেতু, উপজেলা কমপ্লেক্স সম্প্রসারিত ভবন, ক্লিনার্স কলোনী ও বঙ্গবন্ধুর স্মৃতি ফলক নির্মাণ এবং উদ্বোধন	ক) মুজিব বর্ষকে সামনে রেখে যশোর অভয়নগর উপজেলায় ভৈরব নদীর উপর ৭০০ মি: দীর্ঘ সেতু, নারায়নগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলায় শীতলক্ষ্যা নদীর উপর ৫৭৬ মি: দীর্ঘ সেতু, মাগুরা জেলার মোহাম্মদপুর উপজেলায় মধুমতী নদীর উপর ৬০০ মি: দীর্ঘ সেতু ও ব্রাহ্মণবাড়িয়া জেলার নবিনগর উপজেলায় তিতাস নদীর উপর ৫৭৫মিঃ দীর্ঘ সেতুর নির্মাণ কাজ দ্রুত সমাপ্ত করে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের উদ্যোগ গ্রহণ। খ) পঁয়ত্রিশটি উপজেলায় উপজেলা কমপ্লেক্স সম্প্রসারিত ভবনের নির্মাণ কাজ দ্রুত সমাপ্ত করে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন এর উদোগ গ্রহণ। গ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে ক্লিনার্স কলোনীর পাঁচটি নতুন ভবনের নির্মাণ কাজ সমাপ্ত করে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের উদ্যোগ গ্রহণ। ঘ) গোপালগঞ্জ জেলার টুঙ্গীপাড়া উপজেলায় বঙ্গবন্ধুর স্মৃতিবিজড়িত মধুমতী এবং বাঘিয়া নদীর পাড়ে দুইটি নৌকাঘাট ও স্মৃতিফলক নির্মাণ করে উদ্বোধনের উদ্যোগ গ্রহণ।	এ সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত হয়। কমিটি অবকাঠামো সমূহ দ্রুত বাস্তবায়ন ও বাস্তবায়ন শেষে মাননীয় প্রধানমন্ত্রীর মাধ্যমে উদ্বোধনের সকল ব্যবস্থা গ্রহণ করবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী (আইসিটি ও প্রকিউরমেন্ট), মিডিয়া ও পাবলিকেশন সেকশন, সংশ্লিষ্ট (প্রকল্প পরিচালক, নির্বাহী প্রকৌশলী), নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা), শেখ তাজুল ইসলাম তুহিন, সিনিয়র সহকারী প্রকৌশলী (টেকসই ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প)

ক্রমিক নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	ব্যবস্থা গ্রহণে/ দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি
২.৮	গ্রোথ সেন্টারের মহাপরিকল্পনা প্রণয়ন	সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নের অংশ হিসেবে "আমার গ্রাম আমার শহর" শীর্ষক কর্মপরিকল্পনাকে সামনে রেখে নির্বাচিত ৪টি গ্রোথ সেন্টার/ বাজারের মহাপরিকল্পনা প্রণয়ন।	এ সংক্রান্ত একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটি এ সংক্রান্ত পরিকল্পনা ও বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মানব সম্পদ উন্নয়ন, মান নিয়ন্ত্রণ ও পরিবেশ), নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা);
২.৯	বঙ্গবন্ধুর স্মৃতি সংরক্ষণ ও পাঠাগার নির্মাণ	সারাদেশে ছড়িয়ে ছিটিয়ে থাকা বঙ্গবন্ধুর স্মৃতিবিজড়িত স্থানসমূহ নির্বাচন ও প্রযোজ্য ক্ষেত্রে সংযোগ সড়কসহ স্মৃতিফলক নির্মাণের উদ্যোগ গ্রহণ এবং এলজিইডির প্রতিটি আঞ্চলিক সদর দপ্তরের জেলাগুলোতে একটি করে বঙ্গবন্ধু পাঠাগার নির্মাণের উদ্যোগ গ্রহণ।	এ সংক্রান্ত একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটি এ সংক্রান্ত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রকল্প পরিচালক (মুক্তিযুদ্ধের ঐতিহাসিক স্থানসমুহ সংরক্ষণ ও মুক্তিযুদ্ধ জাদুঘর নির্মাণ প্রকল্প), নির্বাহী প্রকৌশলী (প্রশাসন), শেখ তাজুল ইসলাম তুহিন, সিনিয়র সহকারী প্রকৌশলী (টেকসই ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প)
৩. বিবিধঃ				
৩.১	বৃক্ষরোপণ	সৌন্দর্য বৃদ্ধি ও পরিবেশ সুরক্ষায় এলজিইডির প্রতিটি দপ্তরের আঙ্গিনায় ১০টি (বনজ, ফলজ ও ঔষধি) বৃক্ষরোপণের উদ্যোগ।	প্রশাসন ইউনিট থেকে এ সংক্রান্ত নির্দেশনা সংবলিত একটি পত্র জেলা কার্যালয় গুলোতে প্রেরণ করা হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	নির্বাহী প্রকৌশলী (প্রশাসন)
৩.২	বঙ্গবন্ধু কর্ণার	এলজিইডি সদর দপ্তরে একটি বঙ্গবন্ধু কর্ণার স্থাপনের উদ্যোগ গ্রহণ।	প্রশাসন ইউনিট এ সংক্রান্ত কার্যক্রমের পরিকল্পনা ও বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	নির্বাহী প্রকৌশলী (প্রশাসন), জনাব শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী, এলজিইডি সদর দপ্তর, ঢাকা।
৩.৩	বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন কমিটি সচিবালয় ও হেল্প ডেস্ক	বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য এলজিইডি সদর দপ্তরে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন কমিটি সচিবালয় ও হেল্প ডেস্ক গঠনের উদ্যোগ গ্রহণ।	এলজিইডির মিডিয়া ও পাবলিকেশন সেকশনকে অস্থায়ী ভাবে সচিবালয় হিসেবে ব্যবহার করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এছাড়া একটি হেল্প ডেস্ক সার্বক্ষণিকভাবে এ সংক্রান্ত যে কোন সমস্যা সমাধানের ক্ষেত্রে সমন্বয়ক হিসেবে কাজ করবে।	নির্বাহী প্রকৌশলী (প্রশাসন), মিডিয়া ও পাবলিকেশন সেকশন।
৩.৪	কবিতা আহবান	বঙ্গবন্ধুকে নিয়ে রচিত কবিতা সংগ্রহ ও ফেস্টুন আকারে লিখে এলজিইডি সদর দপ্তরে টাঙ্গানোর উদ্যোগ গ্রহণ।	আগামী ৭ দিনের মধ্যে কবিতা সদর দপ্তরের মিডিয়া ও পাবলিকেশন সেকশনে পাঠানোর জন্য একটি অনুরোধপত্র আগামী ০৯/০১/২০২০ এর মধ্যে সকল দপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	নির্বাহী প্রকৌশলী (প্রশাসন), মিডিয়া ও পাবলিকেশন সেকশন।
৩.৫	বাজেট	প্রয়োজনীয় বাজেট সংস্থান নিয়ে আলোচনা করা হয়।	প্রতিটি কার্যক্রমের দায়িত্বপ্রাপ্ত কমিটি একটি সংশ্লিষ্ট কাজের বাজেট প্রস্তুত করে মূল কমিটি বরাবর প্রেরণ করবে। পরবর্তিতে সব গুলো বাজেট একত্রিত করে প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদন গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	সকল উপকমিটি ও মূল কমিটি।
৩.৬	পরবর্তী সভা	কমিটির পরবর্তী সভা আয়োজনের তারিখ নিয়ে আলোচনা করা হয়।	আগামী ২১/০১/২০২০ তারিখ কমিটির পরবর্তি সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	নির্বাহী প্রকৌশলী (প্রশাসন)

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

৮/৭/2020

(মোঃ আহসান হাবিব)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (আইসিটি ও প্রকিউরমেন্ট)
ও সভাপতি, এলজিইডি বঙ্গবন্ধু'র জন্মশতবার্ষিকী
উদযাপন প্রস্তুতি কমিটি
ফোনঃ ০২-৮১৮১৫০৩
ইমেইলঃ ace.ict@lged.gov.bd

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

১. প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা।
২. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ...এলজিইডি,.....।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী,..... এলজিইডি,.....।
৪. নির্বাহী প্রকৌশলী, ... এলজিইডি,.....।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) কার্যার্থে

১. জনাব মোঃ শাহজাহান মোল্লা, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মানব সম্পদ উন্নয়ন, মাননিয়ন্ত্রণ ও পরিবেশ), এলজিইডি, ঢাকা।
২. শেখ মুজাক্কা জাহের, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা), এলজিইডি, ঢাকা।
৩. জনাব মোঃ জসিম উদ্দিন, জলবায়ু সহিষ্ণু অবকাঠামো প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প, এলজিইডি, ঢাকা।
৪. জনাব আবু মোঃ সাহরিয়ার, প্রকল্প পরিচালক, নর্দান বাংলাদেশ ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট প্রজেক্ট, এলজিইডি, ঢাকা।
৫. জনাব আবুল মনজুর মোঃ সাদেক, নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা), এলজিইডি, ঢাকা।
৬. জনাব সালমা শহীদ, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি সদর দপ্তর, এলজিইডি, ঢাকা।
৭. জনাব সৈয়দ শফিকুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী (আইসিটি), এলজিইডি, ঢাকা।
৮. জনাব মোঃ আমিরুল ইসলাম খান, নির্বাহী প্রকৌশলী (প্রশাসন), এলজিইডি, ঢাকা।
৯. শেখ তাজুল ইসলাম তুহিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, টেকসই ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প, এলজিইডি, ঢাকা।
১০. জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, মিউনিসিপ্যাল গভার্ন্যান্স এন্ড সার্ভিসেস প্রজেক্ট, এলজিইডি, ঢাকা।
১১. জনাব শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী (যান্ত্রিক), এলজিইডি, ঢাকা।
১২. জনাব তানভীর রশীদ, সহকারী প্রকৌশলী (জিআইএস), এলজিইডি, ঢাকা।
১৩. খান মোঃ রবিউল আলম, মিডিয়া পরামর্শক, আরটিআইপি-২, এলজিইডি, ঢাকা।
১৪. জনাব..... এলজিইডি,.....।